

৫. এপিএ ক্যালেন্ডার

নিম্নে বর্ণিত এপিএ ক্যালেন্ডার অনুযায়ী সকল সরকারি অফিস এপিএ সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদন করবে:

১. এপিএ প্রণয়ন ও স্বাক্ষর	
কার্যক্রম	সময়সীমা
খসড়া এপিএ মন্ত্রিপরিষদ বিভাগে/উর্ধ্বতন অফিসে প্রেরণ	৩০ এপ্রিল
(মন্ত্রণালয়/বিভাগের ক্ষেত্রে) মন্ত্রিপরিষদ বিভাগের মতামত অনুযায়ী প্রয়োজনীয় সংশোধন করে চূড়ান্ত এপিএ BMC এবং মাননীয় মন্ত্রীর অনুমোদন গ্রহণ করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	৩০ মে
(অন্যান্য অফিসের ক্ষেত্রে) নিজ নিজ উর্ধ্বতন অফিসের মতামত অনুযায়ী খসড়া এপিএ প্রয়োজনীয় সংশোধন করে চূড়ান্ত এপিএ উর্ধ্বতন অফিসে প্রেরণ	
মন্ত্রণালয়/বিভাগের এপিএ স্বাক্ষরের সম্ভাব্য তারিখ	জুনাই মাসের ১ম বা ২য় সপ্তাহ (মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন সাপেক্ষে নির্ধারিত হবে)
আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের এপিএ স্বাক্ষর	৩০ জুন
মাঠ পর্যায়ে এপিএ স্বাক্ষর	২৫ জুন

এপিএ সংশোধন	
কার্যক্রম	সময়সীমা
সংশোধনের প্রস্তাব উর্ধ্বতন অফিসে যৌক্তিকতাসহ প্রেরণ	৩০ সেপ্টেম্বর
উর্ধ্বতন অফিস কর্তৃক আওতাধীন অফিসের এপিএ সংশোধন (প্রাপ্ত প্রস্তাব অনুযায়ী)	৩০ অক্টোবর

এপিএ পরিবীক্ষণ	
কার্যক্রম	সময়সীমা
ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	১৫ অক্টোবর, ১৫ জানুয়ারী, ১৫ এপ্রিল
আওতাধীন অফিসের এপিএ'র অর্ধ-বার্ষিক ফলাবর্তক প্রদান	৩০ জানুয়ারী

এপিএ মূল্যায়ন	
কার্যক্রম	সময়সীমা
স্বমূল্যায়ন প্রতিবেদন (প্রমাণকসহ) উর্ধ্বতন অফিসে প্রেরণ	১৫ জুলাই
আওতাধীন অফিসের এপিএ মূল্যায়ন সমাপ্ত করে ফলাফল প্রকাশ	৩০ আগস্ট

বি. দ্র. মন্ত্রণালয়/বিভাগসমূহের আওতাধীন দপ্তর/সংস্থার এপিএ প্রণয়ন ও স্বাক্ষর, এপিএ সংশোধন, বাস্তবায়ন পরিবীক্ষণ এবং মূল্যায়ন সংক্রান্ত সময়সীমা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ পুনঃনির্ধারণ করে দিতে পারবে, তবে তা কোনোক্রমেই মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সময়সীমা অতিক্রম করবে না।